ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
******

স-৮৭১

বিশালগড়, ২৪ মে, ২০২৫

**বিশালগড়ে ৮টি বিদ্যালয়ে গ্রীষ্মকালীন প্রশিক্ষণ শিবিরের সূচনা**

বিশালগড় ব্লকের মোট ৮টি বিদ্যালয়ে আনন্দধারা শীর্ষক গ্রীষ্মকালীন প্রশিক্ষণ শিবির আজ থেকে শুরু হয়েছে। ১০ দিনব্যাপী এই প্রশিক্ষণ শিবিরের উদ্বোধন করে বিধায়ক সুশান্ত দেব বলেন, গ্রীষ্মের ছুটিতে শুধুমাত্র মোবাইল নেট দুনিয়ায় না ঝুঁকে, মানসিকভাবে সর্বাঙ্গীণ সুস্থতার উদ্দেশ্যে ছাত্রছাত্রীদের জন্য প্রশিক্ষণ শিবিরের আয়োজন করা হয়েছে। উক্ত শিবির চলবে আগামী ২ জুন পর্যন্ত। গ্রীষ্মকালীন শিবিরে ছাত্রছাত্রীদের বিনামূল্যে নৃত্য, সংগীত, যোগা, আবৃত্তি, নাটক, গীতা পাঠ, স্পোকেন ইংলিশ বিষয়ক প্রশিক্ষণ দেওয়া হবে। প্রশিক্ষণপ্রাপ্ত ছাত্রছাত্রীদের মধ্যে সমাপ্ত দিনে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে এবং বিজয়ীদের পুরস্কৃত করা হবে। উদ্বোধনী অনুষ্ঠানে প্রশিক্ষক হিসেবে মোট ৬০ জন বিভিন্ন স্থানীয় সাংস্কৃতিক ব্যক্তিত্ব উপস্থিত ছিলেন। বিশালগড় ব্লকের অন্তর্গত ঘনিয়ামারা ইংলিশ মিডিয়াম দ্বাদশ শ্রেণি বিদ্যালয়, কেকে নগর ভদ্রাবতী স্কুল, কড়ইমুড়া দ্বাদশ শ্রেণি বিদ্যালয়, নবীনগর স্কুল, চন্দ্রনগর স্কুল, মধ্য লক্ষ্মীবিল উচ্চ বিদ্যালয়, বিশালগড় টাউন গার্লস স্কুল, অফিসটিলা স্কুলে প্রথম দিনে মোট ৩৮০ জন ছাত্রছাত্রী অংশগ্রহণ করে। উক্ত শিবিরে উপস্থিত ছিলেন বিশালগড় পুর পরিষদের চেয়ারপার্সন অঞ্জন পুরকায়স্থ, বিশালগড় পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান অতশী দাস, বিশালগড় পঞ্চায়েত সমিতির শিক্ষা বিষয়ক স্থায়ী কমিটির সভাপতি তপন দাস, বিশালগড় পুর পরিষদের কাউন্সিলার রতন দেব সহ বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষিকাবৃন্দ।

*****